

কলাউড়ায় সরকারী স্কুল চাই  
 সিলেট জেলার কলাউড়া একটি  
 বড় থানা। এখানে একটি কলেজ  
 কয়েকটি বক্স হাইস্কুল, কয়েকটি  
 বালিকা বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা  
 প্রতিষ্ঠান আছে। কিন্তু এখানে  
 কোন সরকারী হাইস্কুল নেই।  
 ১৯৪৫ সালের পূর্বে প্রতিষ্ঠিত  
 এখানকার সবচেয়ে প্রাচীন ও ভালো  
 স্কুলটি হলো নবীন চন্দ্র উচ্চ-  
 বিদ্যালয়। এই স্কুল থেকে ম্যাট্রিক  
 পাশ করে উচ্চশিক্ষা লাভ করে  
 এলাকার বহু ছাত্র জীবনে প্রতিষ্ঠিত  
 হয়েছেন এবং সরকারী বহু  
 গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত  
 আছেন। প্রতি বৎসরই এই স্কুলের  
 ফলাফল ভালো হয়। সিলেট জেলার  
 ৫/৬টি সেরা স্কুলের মধ্যে এটি  
 একটি বহু দূর এলাকা অর্থাৎ অন্য

থানা থেকেও এ স্কুলে ছাত্র পড়তে  
 আসে। এই থানার রেলওয়ে জংশন  
 আছে। তাই এখানে দূর এলাকা  
 থেকে ছাত্র আসার যোগাযোগ  
 ব্যবস্থা উত্তম। অনেক ছাত্র বাড়ী  
 থেকে এসে ক্লাশ করতে পারে।  
 এখানে থানা হাসপাতাল, সব-  
 রোজিস্ট্রি অফিস, কন্সটবল অফিস,  
 টোলগারাম অফিস, পোস্ট অফিস,  
 সবরকমের থানা পর্যায়ের সরকারী  
 অফিস এবং ২য় ও ১ম শ্রেণীর সর-  
 কারী অফিসারদের বাসস্থান রয়েছে।  
 এই থানায় অনেকগুলি চা বাগান  
 ও ফ্যাক্টরী আছে। এ থানা দেশের  
 জন্যে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন  
 করে থাকে। তাছাড়াও এ থানায়  
 অনেকগুলি বাণ বেত ও কাঠের  
 পাহাড় ও টিলা রয়েছে। এ বাণ  
 ও বেত সারা বাংলাদেশে রফতানী  
 করা হয়। এক কথায় এ থানা দেশের  
 অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান  
 রাখে এই প্রেক্ষিতে এ থানা এলাকা র  
 বালক বালিকাদের উন্নত শিক্ষার  
 চাহিদা বিবেচনা করে নবীনচন্দ্র  
 হাইস্কুলকে সরকারী স্কুলে উন্নীত  
 করা আশা প্রয়োজন বলে আমরা  
 মনে করি।  
 এ ব্যাপারে আমরা সা-  
 মিলিত শিক্ষা বিভাগের কর্তৃ-  
 পক্ষের বৃহত্ত আকর্ষণ করছি।  
 —হুমায়ুন খসরু, এম. এ.  
 (পরীক্ষার্থী) সহ-সভাপতি ঢাকা  
 বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর  
 কল্যাণ সমিতি।